# নৌ-বিমানবাহিনী নির্বাচনী পর্ষদ-২০২৬ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

নৌ ও বিমানবাহিনী নির্বাচনী পর্ষদ-২০২৬-এর কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২৩ আগস্ট) সকালে বিমানবাহিনী সদর দপ্তরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি পর্ষদের উদ্বোধন করেন।

এই পর্ষদের মাধ্যমে বাংলাদেশ নৌবাহিনীর ক্যাপ্টেন, কমান্ডার ও লেফটেন্যান্ট কমান্ডার এবং বিমানবাহিনীর গ্রুপ ক্যাপ্টেন, উইং কমান্ডার ও স্কোয়াড্রন লিডার পদমর্যাদার যোগ্য কর্মকর্তাদের পরবর্তী পদে পদোন্নতির জন্য বিবেচনা করা হবে।

পর্ষদের কার্যক্রম শুরুর আগে নৌবাহিনী প্রধান খোন্দকার মিসবাহ উল আজীমকে অ্যাডমিরাল পদমর্যাদার র‍্যাংক ব্যাজ পরিয়ে দেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

এ সময় পদোন্নতির ক্ষেত্রে রাজনৈতিক পরিচয় কিংবা ব্যক্তিগত পছন্দ-অপছন্দকে বিবেচনায় না এনে কর্মকর্তাদের পেশাগত যোগ্যতা, নেতৃত্বের সক্ষমতা, শৃঙ্খলা ও দূরদর্শিতাকে গুরুত্ব দেওয়ার ওপর জোর দেন প্রধানমন্ত্রী।

LENS ASIA

অনুষ্ঠান শেষে বিমানবাহিনীর কয়েকটি গুরুত্বপূর্ণ অপারেশনাল স্থাপনাও পরিদর্শন করেন প্রধানমন্ত্রী।